অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/19/2026 **গভর্নর ক্যাথি হোকল**

প্রতারণার প্রতিক্রিয়ায় হোলোকস্ট থেকে বেঁচে যাওয়া ব্যক্তি এবং তাদের পরিবারের জন্য ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের সতর্কতামূলক নোটিশ জারির কথা ঘোষণা করলেন গভর্নর হোকল

অযাচিত ও অপরিচিত যোগাযোগ গ্রহণের ক্ষেত্রে গ্রাহকদের সতর্ক থাকার পরামর্শ দিয়ে DFS-এর নোটিশ জারির সিদ্ধান্ত

DFS উক্ত প্রতারণার বিষয়টি আইন প্রয়োগকারী সংস্থাকে অবহিত করেছে এবং ভুয়া ওয়েবসাইটটি সরিয়ে ফেলার ব্যবস্থা গ্রহণ করেছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে, নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (Department of Financial Services, DFS) হোলোকস্ট থেকে বেঁচে যাওয়া ব্যক্তি এবং তাদের পরিবারকে সম্ভাব্য প্রতারণা সম্পর্কে সতর্ক করতে একটি গ্রাহক নোটিশ জারি করেছে। "জুয়িশ হোলোকস্ট ক্লেইমস সেন্টার" বা "JHCC" (Jewish Holocaust Claims Center, JHCC) নামে একটি সত্তা বা প্রতিষ্ঠানের পক্ষ থেকে হোলোকস্ট থেকে বেঁচে যাওয়া ব্যক্তি ও তাদের পরিবারের কাছে ক্ষতিপূরণের আবেদন জমা দেওয়ার অনুরোধ জানিয়ে পাঠানো অযাচিত প্রলোভনমূলক ও ভুয়া চিঠিপত্রের প্রতিক্রিয়ায় এই সতর্কবার্তা জারি করা হয়। DFS উক্ত প্রতিষ্ঠানের পরিচয়, সেবা বা বৈধতা যাচাই করতে ব্যর্থ হওয়ার পর, বিভাগটি এই প্রতারণার বিষয়টি উপযুক্ত আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের কাছে পাঠায় এবং প্রতিষ্ঠানটির ওয়েবসাইট সম্পর্কে এটির হোস্টিং প্রোভাইডারের কাছে রিপোর্ট দায়ের করে। পরবর্তীতে সেই ভুয়া ওয়েবসাইটটি ইন্টারনেট থেকে সরিয়ে ফেলা হয়েছে।

"হোলোকস্টের মতো মর্মান্তিক ঘটনা থেকে বেঁচে যাওয়া ব্যক্তি এবং তাদের পরিবারের সাথে প্রতারণা করা ও তাদের অর্থ চুরি করা চরমতম নীচতা," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই কর্মসূচির লক্ষ্য হলো অকথ্য নির্যাতনের মধ্য দিয়ে যাওয়া হোলোকস্ট থেকে বেঁচে যাওয়া মানুষদের ন্যায়বিচার প্রদান করা। নিউ ইয়র্ক স্টেট (New York State) যেন এই সারভাইভার ও তাদের পরিবারকে সুরক্ষা দেয় এবং এই নিউ ইয়র্কবাসীদের প্রাপ্য সহায়তা ও সম্পদ ফিরিয়ে দেয়, তা নিশ্চিত করতে আমি প্রতিশ্রুতিবদ্ধ।"

DFS-এর ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট Kaitlin Asrow (ক্যাটলিন অ্যাসরো) বলেন, "হোলোকস্ট থেকে বেঁচে যাওয়া ব্যক্তি এবং তাদের পরিবার যেন কোনো ধরনের ভয় ছাড়া তাদের

ক্ষতিপূরণ প্রক্রিয়া চালিয়ে যেতে পারেন, তা নিশ্চিত করতে বিভাগটি সম্পূর্ণ নিবেদিতভাবে কাজ করছে। সারভাইভারদের রক্ষা করতে, বিশ্বস্ত সহায়তা প্রদান করতে এবং অন্যায্যভাবে ছিনিয়ে নেওয়া সম্পদ পুনরুদ্ধারে পরিবারগুলোকে সাহায্য করতে DFS আমাদের সরকার ও সামাজিক অংশীদারদের সাথে একযোগে কাজ চালিয়ে যাবে।"

অযাচিত চিঠিপত্রের বিষয়টি জানতে পারার পর, DFS একটি সতর্কতামূলক নোটিশ জারি করে হোলোকস্ট থেকে বেঁচে যাওয়া ব্যক্তি ও তাদের পরিবারকে সম্ভাব্য ক্ষতিপূরণের যোগ্যতা বিষয়ে যোগাযোগ করা হলে সতর্ক থাকার এবং কোনো ব্যক্তিগত বা আর্থিক তথ্য দেওয়ার আগে স্বাধীনভাবে তা যাচাই করে নেওয়ার আহ্বান জানায়। সম্ভাব্য ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গ যেন সঠিক ও বিশ্বস্ত তথ্য ও সহায়তা পান তা নিশ্চিত করতে এবং এই সতর্কবার্তা পৌঁছে দিতে বিভাগ সাধারণ গ্রাহক, মানবাধিকার ও সামাজিক সংস্থা এবং স্থানীয় সরকার কর্মকর্তাদের সাথে কাজ করেছে।

ব্যাংকে গচ্ছিত সম্পদ, ইউরোপীয় বিমাকারীদের দ্বারা ইস্যুকৃত বিমা পলিসির অনাদায়ী অর্থ এবং হারিয়ে যাওয়া, লুট হওয়া বা জোরপূর্বক বিক্রি করতে বাধ্য হওয়া শিল্পকর্ম পুনরুদ্ধারে হোলোকস্টের ভুক্তভোগী ও তাদের উত্তরাধিকারীদের সাহায্য করার জন্য 1997 সালে DFS-এর 'হোলোকস্ট ক্লেইমস প্রসেসিং অফিস' (Holocaust Claims Processing Office, HCPO) গঠিত হয়েছিল। HCPO দাবিদারদের নিকট থেকে সেবা প্রদানের জন্য কোনো চার্জ বা ফি গ্রহণ করে না।

প্রতিষ্ঠালগ্ন থেকে, HCPO হাজার হাজার অনুসন্ধানের জবাব দিয়েছে এবং যুক্তরাষ্ট্রের 50টি স্টেট ও বিশ্বের 53টি দেশ থেকে দাবিপত্র গ্রহণ করেছে। আজ পর্যন্ত, HCPO ভুক্তভোগীদের পরিবারের কাছে 184 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি মূল্যের সম্পদ ফিরিয়ে দিতে সাহায্য করেছে এবং সেইসাথে 356টি মূল্যবান সাংস্কৃতিক নিদর্শন উদ্ধার করেছে।

যেসব হোলোকস্ট সারভাইভার ও তাদের পরিবার মনে করেন যে তারা ক্ষতিপূরণের জন্য যোগ্য হতে পারেন, অথবা HCPO থেকে পাঠানো কোনো যোগাযোগ আসল বা অনুমোদিত কিনা তা যাচাই করতে চান, তাদের নিউ ইয়র্ক স্টেট হোলোকস্ট ক্লেইমস প্রসেসিং অফিসের সাথে (800) 695-3318 নম্বরে ফোনে অথবা claimsques@dfs.ny.gov ইমেইল ঠিকানায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন

এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।